

কীর্তন

১ ২৩ নং

- তাল—আড়খেমটা রাগিনী—ঝিঝিট
 সঙ্গে ভক্তগণ, হরিচাঁদের আগমন হরিনাম কীর্তনে ।
 এল যত নারী, হরিচাঁদকে হেরি, জনম সফল গণে ॥
- ১। মল্লকান্দী মৃত্যুঞ্জয় ভক্ত শিরোমণি কাশীশ্বরী নাম ধরে
 তাহার গৃহিনী ।
 তাহার সেবায় বাধ্য প্রভু অহর্নিশি,
 প্রভু সেবার কার্য করে যেন সেবাদাসী ॥
- ২। এ হেন কীর্তন হ'ল মৃত্যুঞ্জয়ের বাড়ী,
 দৈবে কোথা হ'তে এসে নাচে ক বুড়ী ।
 বুড়ী বলে যম-ভাগিনী আমি মৃত্যুকন্যে,
 এসেছি দয়াল বাবা দেখিবার জন্যে ॥
- ৩। আর একজন নাচে হ'য়ে প্রেমে স্ফুর্তি,
 সে বলেছে যমভার্য্যা নাম ধরি মূর্তি ।
 মূর্তি নাম ধরি গো—যমের মুহুরী,
 আমি মূর্তি নাম ধরি গো—
- ৪। কর্ণেতে কলম দিয়ে যমের ভার্য্যা,
 কীর্তনে নেচেছে এসে বলে হরি হরি ।
 হরি বল ব'লে গো—যমের মুহুরী নাচে,
 হরি বল ব'লে গো ॥
- ৫। আর দুই জন নাচে শমনের দূত,
 সান্দীপনি মুনির বংশ ব্রাহ্মণের সূত ।